



[একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত]  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারকনং- ওএম/৭৪/ম/১৪-৭৮

তারিখ : ১৬/০১/২০২৪ খ্রি.

**বিষয়: চলমান শৈত্যপ্রবাহের কারণে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখা সংক্রান্ত।**

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.১১ তারিখ: ১৬/০১/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, দেশের বিভিন্ন জেলায় তীব্র শৈত্যপ্রবাহ প্রবাহিত হচ্ছে। চলমান এ শৈত্যপ্রবাহে শিক্ষার্থীদের শিক্ষার স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হচ্ছে মর্মে জানা যাচ্ছে। এক্ষেত্রে যে সকল জেলায় দিনের তাপমাত্রা ১০ ডিগ্রি সেলসিয়াস বা তার নিচে (সংশ্লিষ্ট আবহাওয়া অফিসের আবহাওয়ার পূর্বাভাসের প্রমাণক অনুযায়ী) নেমে যাবে, আঞ্চলিক উপপরিচালকগণ ঐ সকল জেলার জেলা শিক্ষা কর্মকর্তার সাথে আলোচনা করে মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বন্ধ (দিনের তাপমাত্রা ১০ ডিগ্রি সেলসিয়াস এর উপরে না উঠা পর্যন্ত) রাখার নির্দেশনা প্রদান করবেন।

বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

(এস এম জিয়াউল হায়দার হেনরী)  
সহকারী পরিচালক (মাধ্যমিক-২)  
৪১০৫০১১৮

আঞ্চলিক উপপরিচালক  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা

ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/রংপুর/বরিশাল/কুমিল্লা/ময়মনসিংহ অঞ্চল

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
- ০২। মাননীয় শিক্ষা মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
- ০৩। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/প্রশিক্ষণ/পরি: ও উন্ন:/অর্থ ও ক্রয়/মনি: এন্ড ইভা:), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ০৪। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
- ০৫। জেলা প্রশাসক (সকল);
- ০৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;  
[পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ০৭। জেলা শিক্ষা অফিসার (সকল);  
[পত্রের নির্দেশনা মোতাবেক আবহাওয়া সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট আঞ্চলিক উপপরিচালকদের অবহিতকরণের অনুরোধসহ]
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল);
- ০৯। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
- ১০। সভাপতি,.....
- ১১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও স্কুল এন্ড কলেজ (সকল)
- ১২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও স্কুল এন্ড কলেজ (সকল)
- ১৩। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ১৪। সংরক্ষণ নথি।